গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০১৫.২৬-222 তারিখ: ০২ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ আগস্ট, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলাধীন কুটিরগ্রাম এম,এইচ বালিকা দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: মাহফুজার রহমান খন্দকার (ইনডেক্স নং: R387187) এর ইনডেক্স কর্তন প্রসঙ্গে।

সূত্র: ১। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-২১৮/১; তারিখ: ১৩/০৮/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলাধীন কুটিরগ্রাম এম,এইচ বালিকা দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: মাহফুজার রহমান খন্দকার (ইনডেক্স নং-R387187) কর্তৃক জনাব মো: সিরাজুল ইসলামকে অফিস সহায়ক পদে নতুন এমপিওভুক্তির জন্য জুন-২০২৬ মাসে মেমিস সিস্টেমে আবেদন করা হয়। আবেদনটি পর্যালোচনায় দেখা যায় যে, মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধির চিঠি ও স্বাক্ষর জাল করে তা ব্যবহার, ভুয়া নিয়োগ বোর্ড গঠন এবং ফলাফল শীট প্রস্তুত করে নতুন এমপিওভুক্তির জন্য আবেদন প্রেরণ করেন। তৎপ্রেক্ষিতে জুন-২০২৬ মাসে তার বেতন-ভাতা সাময়িকভাবে স্থগিত করা হয় এবং কেন স্থায়ীভাবে বেতন-ভাতা বন্ধ করা হবে না, সে বিষয়ে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। একইসঙ্গে জনাব মো: সিরাজুল ইসলামের নতুন এমপিওভুক্তির আবেদনটি বাতিল করা হয়।

জাল জালিয়াতির আশ্রয় গ্রহণ করায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার পরেও পুনরায় তিনি আগস্ট-২০২৬ মাসে জনাব মীম আক্তারকে কম্পিউটার ল্যাব অপারেটর পদে নতুন এমপিওভুক্তির জন্য মেমিস সিস্টেমে আবেদন প্রেরণ করেছেন। উক্ত আবেদনটি পর্যালোচনায়ও দেখা যায় যে, মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধির চিঠি ও স্বাক্ষর জাল করে তা ব্যবহার, ভুয়া নিয়োগ বোর্ড গঠন এবং ফলাফল শীট প্রস্তুত করে নতুন এমপিওভুক্তির জন্য আবেদন প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে জনাব মীম আক্তারকে কম্পিউটার ল্যাব অপারেটর পদে নতুন এমপিওভুক্তির আবেদনটি বাতিল করা হয়।

এমতাবস্থায়, মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধির চিঠি ও স্বাক্ষর জাল করে তা ব্যবহার, ভুয়া নিয়োগ বোর্ড গঠন এবং ফলাফল শীট প্রস্তুত করে অবৈধভাবে নতুন এমপিওভুক্তির আবেদন প্রেরণের অভিযোগে **বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৬-এর ১৮.১(গ) ও (ঙ) অনুচ্ছেদ অনুযায়ী আপনার বেতন-ভাতা (এমপিও) কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না**, সে বিষয়ে সন্তোষজনক লিখিত জবাব এ পত্র প্রাপ্তির **০৩ (তিন) কর্মদিবসের মধ্যে** মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭/০৮/২০২৬
মোহাম্মদ শুকুর আলম মজুমদার
সহকারী পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ও
সদস্য সচিব
এমপিও বাছাই ও অনুমোদন কমিটি

১। জনাব মো: মাহফুজার রহমান খন্দকার (ইনডেক্স নং: R387187)
সুপার, কুটিরগ্রাম এম,এইচ বালিকা দাখিল মাদ্রাসা, চিলমারী, কুড়িগ্রাম।

Scanned with CamScanner

স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০১৫.২৬- 222 তারিখ: ০২ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ / ১৭ আগস্ট, ২০২৬ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চিলমারী, কুড়িগ্রাম।
৬। সভাপতি, কুটিরগ্রাম এম, এইচ বালিকা দাখিল মাদ্রাসা, চিলমারী, কুড়িগ্রাম।
৭। সহকারী প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর—অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

মোহাম্মদ শুকুর আলম মজুমদার
সহকারী পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ও
সদস্য সচিব
এমপিও বাছাই ও অনুমোদন কমিটি

Scanned with CamScanner